

2021
4th Semester
BENGALI (PROGRAM)
PAPER: C401

Full Marks: 40

Time: 2 Hours

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে

Course Name: রবীন্দ্রনাথের কবিতা এবং আধুনিক বাংলা কবিতা

Course Code: BAPBNGC401

১. যেকোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও:

১X৫

- ক) 'সঞ্চয়িতা' কাব্য- সংকলনটি কত খ্রিস্টাব্দে প্রথম প্রকাশিত হয় ?
- খ) 'নির্ব্বারের স্বপ্নভঙ্গ' কবিতাটি রবীন্দ্রনাথের কোন কাব্যগ্রন্থের অন্তর্গত ?
- গ) 'বিদায় অভিশাপ' কবিতাটি কোন শ্রেণির রচনা ?
- ঘ) "ভক্তি অশ্রু ধৌত যেন নব পুণ্যছটা" – কোন কবিতার অংশ ?
- ঙ) 'হারিয়ে যাওয়া' কবিতায় যে ছোট মেয়েটির কথা বলা হয়েছে তার নাম কী ?
- চ) কাজী নজরুল ইসলামের একটি কাব্যগ্রন্থের নাম লেখো ।
- ছ) জীবনানন্দের 'বনলতা সেন' কবিতাটি তাঁর কোন কাব্যগ্রন্থের অন্তর্গত ?
- জ) "একটি শিশুও ছিল/সত্যবাদী সরল সাহসী একটি শিশু" – কোন কবিতার অংশ ?
- ঝ) কবি বুদ্ধদেব বসুর একটি কাব্যগ্রন্থের নাম লেখো ।
- ঞ) "চোখের সামনে খুলে ধরেছে সবুজ চিঠি " -- কোন কবিতার অংশ ?

২. যেকোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও:

২X৫

- ক) 'বিদ্যারই লাগিয়া শুধু লোকে দুঃখ সহে/ এ জগতে ?' -- কোন কবিতায় কে কাকে এ'কথা বলেছে ?
- খ) 'ব্রাহ্মণ' কবিতাটির উৎস কী ?
- গ) "সত্য করে কহ মোরে হে বৈষ্ণব কবি,/ কোথা তুমি পেয়েছিলে এই প্রেমচ্ছবি..." -- কোন কবিতার অংশ ? কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত কবিতা ?

ঘ) ‘দুই পাখি’ কবিতাটি কোন পত্রিকায় প্রথম প্রকাশিত হয় এবং তা’ কোন কাব্যগ্রন্থের অন্তর্ভুক্ত হয় ?

ঙ) “দিলেম যা রাজ-ভিখারীরে/ স্বর্ণ হয়ে এল ফিরে” -- কে কাকে কী ভিক্ষা দিয়েছিল ?

চ) নীরেন্দ্রনাথ চক্রবর্তী তাঁর কোন কাব্যগ্রন্থের জন্য কত খ্রিস্টাব্দে সাহিত্য একাদেমি পুরস্কার পান ?

ছ) “কোনো পথ যেখানেতে নেই,/ সেখানেই মেলে এক খেই” -- কার লেখা কোন কবিতার অংশ ?

জ) “ধ্বংস করে দাও আমাকে যদি চাও/ আমার সন্ততি স্বপ্নে থাক” -- কে কাকে এ’কথা বলেছেন ?

ঝ) “আকালে আগুনে তৃষ্ণায় মাঠ ফাটা/ মারী-কুকুরের জিভ দিয়ে খেত চাটা...” -- কার লেখা কোন কবিতার অংশ ?

ঞ) ‘প্রিয়তমাসু’ কবিতায় উল্লেখ আছে এমন দুটি দেশের নাম লেখো ।

৩. যেকোনো তিনটি প্রশ্নের উত্তর দাও:

৫X৩

ক) ‘হারিয়ে যাওয়া’ কবিতার নামকরণের তাৎপর্য সংক্ষেপে আলোচনা করো ।

খ) “মনে হল এ পাখার বাণী/ দিল আনি/ শুধু পলকের তরে/ পুলকিত নিশ্চলের অন্তরে অন্তরে/ বেগের আবেগ” -- ‘বলাকা’ কবিতা অবলম্বনে উদ্ধৃতাংশের তাৎপর্য ব্যাখ্যা করো ।

গ) ‘বিদায় অভিশাপ’ কবিতার দেবযানী চরিত্রটির যে বৈশিষ্ট্যগুলি আমাদের চোখে পড়ে তা নিজের ভাষায় বুঝিয়ে লেখো ।

ঘ) “যার হাত কাল তার মুখ দেখি যদি/ আমি চিনিবো না” -- ‘একখানা হাত’ কবিতা অবলম্বনে কবির এই মনোভাবের কারণ ব্যাখ্যা কর ।

ঙ) “সে এসে একবার এই উলঙ্গ রাজার সামনে / নির্ভয়ে দাঁড়া...” --- ‘উলঙ্গ রাজা’ কবিতা অনুসরণে উদ্ধৃতাংশের তাৎপর্য ব্যাখ্যা করো ।

চ) ‘সংগতি’ কবিতার মূল ভাব সংক্ষেপে বুঝিয়ে দাও ।

৪. যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও:

১০

ক) ‘দুই পাখি’ কবিতার বাইরের অর্থ এবং রূপকার্থ পরিস্ফুট করো ।

খ) ‘মানুষ’ কবিতায় কাজী নজরুল ইসলাম যেভাবে মানবতার জয়গান গেয়েছেন তা বিস্তারিত আলোচনা করো ।

গ) ‘হারিয়ে’ কবিতায় কবি প্রেমেন্দ্র মিত্র নাগরিক জীবনের ক্লান্তি ও অবসাদ থেকে মুক্তি পেতে প্রকৃতির কোলে আশ্রয় নিয়েছেন -- আলোচনার মাধ্যমে বিষয়টি বুঝিয়ে দাও ।